# আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬ : ১৯৩

## আরবি মূল আয়াত:

نَزَلَ بِهِ الرُّوحُ الاَمِينُ ﴿١٩٣﴾

## অনুবাদসমূহ:

বিশ্বস্ত আত্মা* এটা নিয়ে অবতরণ করেছে। — আল-বায়ান

বিশ্বস্ত আত্মা (জিবরাঈল) একে নিয়ে অবতরণ করেছে — তাইসিরুল

জিবরাঈল ইহা নিয়ে অবতরণ করেছে – — মুজিবুর রহমান

The Trustworthy Spirit has brought it down — Sahih International

### ১৯৩. বিশ্বস্ত রূহ (জিবরীল) তা নিয়ে নাযিল হয়েছেন।

-

তাফসীরে জাকারিয়া

### (১৯৩) বিশ্বস্ত রূহ (জিব্রাঈল) তা নিয়ে অবতরণ করেছে, [1]

[1] মক্কার কাফেররা কুরআন যে আল্লাহর বাণী এবং তা আল্লাহর নিকট হতে অবতীর্ণ, সে কথা অস্বীকার করেছিল। আর তারই ভিত্তিতে মুহাম্মাদ (সাঃ)-এর রিসালাত ও তাঁর দাওয়াতকেও অস্বীকার করেছিল। মহান আল্লাহ নবীদের ঘটনাবলীকে বর্ণনা করে এটা স্পষ্ট করে দিয়েছেন যে, কুরআন নিঃসন্দেহে আল্লাহর বাণী এবং মুহাম্মাদ (সাঃ) আল্লাহর সত্য রসূল। যদি এমন না হত, তাহলে এ নবী যিনি লিখতে-পড়তে জানতেন না, তিনি অতীত নবীদের ও তাঁদের জাতিদের ঘটনাবলী কিভাবে বর্ণনা করতে সক্ষম? অতএব এই কুরআন নিশ্চিতরূপে বিশ্ব-জাহানের প্রতিপালক আল্লাহর নিকট হতে অবতীর্ণ; যা এক আমানতদার ফিরিশতা অর্থাৎ, জিবরীল (আঃ) তাঁর নিকট পৌঁছে দিয়েছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3125

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন